রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, সেপ্টেম্বর ৯, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**বেতার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ ভাদ্র ১৪২৯/০৬ সেপ্টেম্বর ২০২২

নং **১৫.০০.০০০০.০২২.৩৪.০০৮.২২-১৫৫**—প্রস্তাবনা (Premble)সহ কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা ২০২২ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ মকবুল হোসেন**

উপসচিব।

## কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা ২০২২ এর প্রস্তাবনা

(Premble)

**নং ১৫.০০.০০০০.০২২.৩৪.০০৮.২২-১৫৫**—বিজ্ঞাপন ও তথ্য প্রযুক্তির অভূতপূর্ব বিকাশের এ যুগে বিশ্ব আজ "গ্লোবাল ভিলেজ"-এ পরিণত হয়েছে। ইলেকট্রনিক মিডিয়ার বিশ্বময় পদচারণার যুগে ধারণা করা হচ্ছে, রেডিও এর প্রয়োজনীয়তা হ্রাস পেয়েছে। কিন্তু বাস্তবে এ মাধ্যমটির গুরুত্ব উন্নত, উন্নয়নশীল ও স্বল্পোন্নত কোনো দেশেই হ্রাস পায়নি বরং নব-উদ্যোগে সৃজনশীল কার্যক্রম নিয়ে সমাজের সর্বস্তরের মানুষের শিক্ষা, সংস্কৃতি, মানবিক মূল্যবোধ, সচেতনতা ও সাংস্কৃতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশে ২০০৮ সালে একটি নীতিমালার আওতায় সমাজের তৃণমূল পর্যায়ের বিভিন্ন সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য নিবেদিত বেশ কিছু বেতারকেন্দ্র গড়ে উঠে। কমিউনিটি বেতারকেন্দ্র হিসেবে পরিচিত এ সকল বেতারকেন্দ্র প্রান্তিক জনগোষ্ঠীর স্থানীয় ভাষায় তাদের অংশগ্রহণ ও ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। কমিউনিটি রেডিও আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সহায়তায় স্থানীয় লোকজ সংস্কৃতি ও সমাজের ইতিবাচক উন্নয়নে ব্যাপৃত।

২। কমিউনিটি রেডিও হচ্ছে "ভাষাহীনের ভাষা" (Voice of the voiceless)। সমাজ উন্নয়নের হাতিয়ার হিসেবে কমিউনিটি রেডিও-এর অবদান আরও প্রসারিত ও সুগম করার লক্ষ্যে এর স্থাপন, পরিচালনা ও সম্প্রচার কার্যক্রমের বর্তমান নীতিমালাটি বাতিলপূর্বক যুগোপযোগী একটি নতুন নীতিমালা প্রণয়নের আবশ্যকতা দেখা দেয়ায় "কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা- ২০২২" প্রণয়ন করা হয়েছে।

# কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা ২০২২

যোগাযোগের মাধ্যম হিসেবে সহজলভ্যতা, তাৎক্ষণিকতা ও সর্বত্রগামিতার নিরিখে বেতারের ভূমিকা অনস্বীকার্য। বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির অভূতপূর্ব বিকাশের পরও তাই এই মাধ্যমটির গুরুত্ব উন্নত, উন্নয়নশীল ও স্বল্পোন্নত কোনো দেশে হ্রাস পায়নি। এ কারণেই বাংলাদেশে ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর ঢাকায় বেতার স্বল্প পরিসরে যাত্রা শুরু করে। কালের বিবর্তনে বেতারের কার্যক্রম গুণে মানে কলেবরে বহুধা বিস্তৃত হয়ে বর্তমান অবস্থায় পৌঁছেছে। বাংলাদেশ বেতার দেশের প্রাচীনতম এবং একক বৃহত্তম পাবলিক সার্ভিস ব্রডকাস্টার হিসেবে বিগত প্রায় সাত দশক ধরে তথ্য, বিনোদন ও শিক্ষা উন্নয়নের পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি এবং সর্বোপরি জাতীয় উন্নয়নে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। অবাধ তথ্য প্রবাহের যুগে বহুমাত্রিক উপযোগিতার দাবি মেটাতে দেশে ব্যক্তি মালিকানায় বাণিজ্যিক এফএম বেতারকেন্দ্র চালু রয়েছে। প্রধানত নগরকেন্দ্রিক এ সকল চ্যানেল বিনোদন অনুষ্ঠান সম্প্রচার করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০০৮ সালের নীতিমালার আওতায় বাংলাদেশে সমাজের তৃণমূল পর্যায়ের বিভিন্ন সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য নিবেদিত বেশ কিছু বেতারকেন্দ্র গড়ে উঠেছে। কমিউনিটি রেডিও হিসেবে পরিচিত এ সকল বেতারকেন্দ্র প্রান্তিক জনগোষ্ঠীর মুখের ভাষায় তাদের অংশগ্রহণ ও ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। এর সুফল হিসেবে এগুলো তাদের আশা-আকাঙ্খা, স্থানীয় লোকজ জ্ঞান, সম্পদ ও সংস্কৃতি, আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে উন্নততর সমাজ বিনির্মাণে অবদান রাখছে। সমাজ উন্নয়নের হাতিয়ার হিসেবে কমিউনিটি রেডিও'র অবদান আরও প্রসারিত ও সুগম করার লক্ষ্যে এর স্থাপন, পরিচালনা ও সম্প্রচার কার্যক্রমে প্রণীত নীতিমালাটি বাতিলপূর্বক অধিকতর যুগোপযোগী একটি নতুন নীতিমালা প্রণয়নের আবশ্যকতা দেখা দেওয়ায় এই নীতিমালা জারি করা হলো।

১.০ **কমিউনিটি রেডিও'র ধারণা :**

১.১ 'কমিউনিটি' হচ্ছে একটি নির্দিষ্ট জনগোষ্ঠী, যার অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ সমধর্মী কিছু লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যের অধিকারী, যারা সুনির্দিষ্ট ভৌগোলিক অবস্থান যেমন, কোনো বিশেষ শহর, গ্রাম কিংবা মহল্লার মধ্যে থেকে পারস্পরিক আদান-প্রদানে অংশগ্রহণ করে ব্যবসা-বাণিজ্য, বিপণন, সেবা ও মালামাল লেনদেনের মাধ্যমে একই অর্থনৈতিক ও সামাজিক জীবনের অভিন্ন অংশীদার হয়ে থাকে।

১.২ 'কমিউনিটি রেডিও' হচ্ছে একটি কল্যাণমূলক সম্প্রচার মাধ্যম যার মালিকানা, ব্যবস্থাপনা ও পরিচালনায় থাকে তৃণমূল পর্যায়ের জনগোষ্ঠী। এটি মূলত অলাভজনক ভিত্তিতে পরিচালিত হয়। এর উদ্দেশ্য হচ্ছে কমিউনিটিকে সেবা প্রদান করা এবং স্থানীয় লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবন বিকাশের সুযোগ তৈরি করে দেওয়া। কমিউনিটি রেডিও কোনো নির্দিষ্ট ক্ষুদ্র ভৌগোলিক এলাকার জনগোষ্ঠীর প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে কাজ করে। এটি কমিউনিটির নিজস্ব সম্পদ যা একটি জনপদের নিজস্ব ধ্যান-ধারণা, বিচার-বিবেচনা ও চিন্তা-চেতনার যথাযথ প্রতিফলন ঘটায়।

১.৩ কমিউনিটি রেডিও এমন একটি মাধ্যম যা তৃণমূল পর্যায়ের মানুষের আত্মপ্রকাশ ও বিকাশের ক্ষেত্র প্রস্তুত করে, প্রান্তিক মানুষের প্রকাশ বাহন এবং তাদের যোগাযোগের মূল মাধ্যম হিসেবে কাজ করে। সর্বোপরি এটি সমাজের গণতান্ত্রিক প্রক্রিয়াকে জোরদার করে।

১.৪ কমিউনিটি রেডিও সরকারি ব্যবস্থাপনা এবং বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত বেতার সম্প্রচারের বাইরে তৃতীয় মডেল হিসেবে পরিচিত।

২.০ **কমিউনিটি রেডিও'র মৌলিক নীতিসমূহ:**

আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কমিউনিটি রেডিও'র মূলনীতিগুলো বাংলাদেশেও অনুসৃত হবে। কোনো সংস্থা বা প্রতিষ্ঠান যদি কমিউনিটি রেডিও পরিচালনা করতে চায় তাহলে সে সংস্থা বা প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে:—

২.১ কমিউনিটি রেডিও অলাভজনক ভিত্তিতে কোনো সংস্থা, প্রতিষ্ঠান বা জনগোষ্ঠী কর্তৃক পরিচালিত হবে;

২.২ সম্প্রচার অনুষ্ঠানসূচিতে শিক্ষা, কৃষি, স্বাস্থ্য, সমাজ, নারীর এলাকাভিত্তিক গ্রামীণ উন্নয়ন, পরিবেশ, আবহাওয়া, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ব্যবস্থাপনা, সাংস্কৃতিক ও অন্যান্য উন্নয়ন বিষয় এবং সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী প্রচারণা অন্তর্ভুক্ত হবে;

২.৩ কমিউনিটি রেডিও স্টেশনসমূহ উদ্দিষ্ট জনগোষ্ঠীর সেবা প্রদান ও তাদেরকে বেতার অনুষ্ঠান সম্প্রচারে অন্তর্ভুক্তিকরণে বদ্ধপরিকর থাকবে;

২.৪ স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণে সম্প্রচার কার্যক্রম পরিচালিত হবে;

২.৫ মূল ধারার গণমাধ্যমে সুযোগ-সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী কমিউনিটি রেডিও স্থাপনের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

২.৬ প্রান্তিক এবং সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন কাজে নিয়োজিত প্রতিষ্ঠান বা সংস্থা কমিউনিটি রেডিওস্থাপনে অগ্রাধিকার পাবে;

৩.০ **বাংলাদেশে কমিউনিটি রেডিও স্থাপন ও পরিচালনার অনুমতি/লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা:**

৩.১ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ আবেদন করতে যোগ্য বলে বিবেচিত হবে:

৩.১.১ গবেষণা ও উন্নয়ন এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান;

৩.১.২ বেসরকারি উন্নয়ন সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ যাদের সংশ্লিষ্ট কমিউনিটি পর্যায়ে দারিদ্র বিমোচন/গণমাধ্যম/তথ্যপ্রযুক্তি সম্পর্কিত এবং উন্নয়নমূলক কাজের ন্যূনতম পাঁচ বছরের অভিজ্ঞতা আছে;

৩.১.৩ আবেদনকারী প্রতিষ্ঠান বা সংস্থার আইনগত বৈধতা থাকতে হবে কিংবা এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত হতে হবে;

৩.১.৪ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার কমিউনিটি বা প্রান্তিক জনগোষ্ঠীর ধ্যান-ধারণার জ্ঞানে সমৃদ্ধ একটি পরিচালনা পর্ষদ থাকতে হবে যা একটি গঠনতন্ত্রের আওতায় পরিচালিত হবে।

৩.২ নিম্নলিখিত সংস্থা বা প্রতিষ্ঠান কমিউনিটি রেডিও পরিচালনার জন্য অযোগ্য বলে বিবেচিত হবে:

৩.২.১ ব্যক্তিগত বা যৌথভাবে পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠান;

৩.২.২ রাজনৈতিক দল বা তাদের অংগ ও সহযোগী সংগঠন ইত্যাদি;

৩.২.৩ দেশি-বিদেশি কোম্পানি বা প্রতিষ্ঠানসমূহ যারা মালিক বা শেয়ার হোল্ডারকে লভ্যাংশ প্রদান করে থাকে;

৩.২.৪ আন্তর্জাতিক/বিদেশি বেসরকারি সংস্থা বা বিদেশি সম্প্রচার সংস্থা/চ্যানেল;

৩.২.৫ সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা; এবং

৩.২.৬ উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত বা ফৌজদারি অপরাধে দন্ডিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা।

৪.০ **লাইসেন্সিং প্রক্রিয়া:**

৪.১ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসৃত হবে :

৪.১.১ স্থানীয় লোকজ, আর্থসামাজিক ও সাংস্কৃতিক জীবন বিকাশে সুযোগ তৈরিসহ কোন নির্দিষ্ট ক্ষুদ্র ভৌগোলিক এলাকার জনগোষ্ঠীর কল্যাণার্থে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান লাইসেন্স প্রাপ্তির জন্য নির্ধারিত ছকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আবেদন করতে পারবে।

৪.১.২ আবেদনপত্রে বর্ণিত দলিলাদি ছাড়াও নিম্নবর্ণিত দলিলাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে—

(ক) আবেদনকারী যে ধরনের অনুষ্ঠান প্রচার করতে ইচ্ছুক তার একটি সংক্ষিপ্ত রূপরেখা;

(খ) উদ্দিষ্ট জনগোষ্ঠীর বিবরণ;

(গ) প্রস্তাবিত রেডিও স্টেশনের অবৈতনিক ব্যবস্থাপনা কাঠামো এবং অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার নীতিমালা যাতে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের মাত্রার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকবে;

(ঘ) কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের তহবিলের উৎস : কোনো বেসরকারি সংস্থার সাহায্য নেয়া হলে বা বেসরকারি সংস্থা নিজে উদ্যোক্তা হলে বিদ্যমান আইন অনুযায়ী এনজিও বিষয়ক ব্যুরো থেকে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের প্রমাণপত্র।

৪.১.৩ গৃহীত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই পূর্বক যোগ্য আবেদনকারী নির্বাচনের জন্য, তথ্য মন্ত্রণালয় একটি রেগুলেটরি কমিটি ও একটি কারিগরি উপ-কমিটি গঠন করবে;

৪.১.৪ কারিগরি উপ-কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে যোগ্য আবেদনকারী নির্বাচন করে জাতীয় রেগুলেটরি কমিটির নিকট সুপারিশসহ পেশ করবে;

৪.১.৫ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্বাচিত আবেদনকারী প্রতিষ্ঠান বা সংস্থা সমূহের ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করবে ;

৪.১.৬ অনুমোদন প্রদানের পূর্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) থেকে 'ফ্রিকোয়েন্সি প্রাপ্যতার'-এর প্রতিবেদন গ্রহণ করবে। এছাড়া লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে সম্প্রচার কার্যক্রম আরম্ভ করার জন্য বিটিআরসি থেকে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) বরাদ্দ ও বেতার যন্ত্রপাতি পরিচালনার লাইসেন্স নিতে হবে;

৪.১.৭ উল্লিখিত নির্ণায়কসমূহের আলোকে যোগ্য হিসেবে বিবেচিত আবেদনকারীকে প্রাথমিক পর্যায়ে কেবলমাত্র একটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের জন্য সরকার সাময়িক লাইসেন্স প্রদান করবে;

৪.১.৮ সাময়িক লাইসেন্স প্রাপ্তির এক বছরের মধ্যে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রদত্ত লাইসেন্স বাতিলযোগ্য বলে গণ্য হবে। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার আবেদনক্রমে সরকার যুক্তিসংগত মনে করলে এ সময়সীমা বৃদ্ধি করতে পারবে।

৪.১.৯ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানি ও প্রতিস্থাপনের জন্য দেশে প্রচলিত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে। এছাড়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থাকে বিটিআরসি'র শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

৪.১.১০ উল্লিখিত মতে রেডিও স্টেশন স্থাপনের পরবর্তী ১ (এক) বছরের মধ্যে পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম চালু করতে হবে। ব্যর্থতায় সরকার জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলের প্রক্রিয়া শুরু করতে পারবে।

৪.১.১১ পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম পরিচালনার মেয়াদ হবে ১ (এক) বছর। উক্ত মেয়াদান্তে পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম সরকারের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে নির্ধারিত শর্তসমূহ প্রতিপালনের শর্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনক্রমে চূড়ান্ত লাইসেন্স প্রদান করা হবে। নির্ধারিত ফি পরিশোধপূর্বক উহা বাৎসরিক ভিত্তিতে নবায়ন করা যাবে।

৪.১.১২ চূড়ান্ত লাইসেন্স প্রাপ্তির পর কোনো প্রতিষ্ঠান বা সংস্থা সরকারের অনুমোদনক্রমে একই প্রক্রিয়া অনুসরণপূর্বক সর্বোচ্চ আরো দু'টি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনা করতে পারবে। সেক্ষেত্রে ভৌগোলিক কভারেজ বিবেচনা করা হবে।

৪.১.১৩ কোনো কমিউনিটি রেডিও চূড়ান্ত লাইসেন্স প্রাপ্তি ও সন্তোষজনক সম্প্রচার কার্যক্রম পরিচালনার পর সরকারের পূর্বানুমোদন এবং এতদসংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানের শর্ত সাপেক্ষে একই অনুষ্ঠানমালা অনলাইনে সম্প্রচার করতে পারবে।

৪.২ **লাইসেন্স ফি ও জামানত :কমিউনিটি রেডিও একটি উন্নয়নমূলক প্রয়াস এবং একটি অলাভজনক প্রতিষ্ঠান বিবেচনায় সরকার নিম্নরূপ যুক্তিযুক্ত লাইসেন্স ফি ধার্য করছেঃ**

৪.২.১ সাময়িক লাইসেন্স গ্রহণকালে অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানকে জামানত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ টাকা ) এবং কমিউনিটি রেডিও স্টেশনের জন্য লাইসেন্স ফি বাবদ ২০,০০০/-(বিশ হাজার টাকা) পরিশোধ করতে হবে।

৪.২.২ পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রমের পর চূড়ান্ত লাইসেন্স গ্রহণকালে লাইসেন্স ফি বাবদ ১০,০০০/-(দশ হাজার টাকা) পরিশোধ করতে হবে।

৪.২.৩ ফ্রিকোয়েন্সি ফি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক নির্ধারিত হবে।

৪.২.৪ সরকার উক্ত জামানত ও ফি পুনঃ নির্ধারণ করতে পারবে।

৪.৩ **লাইসেন্স নবায়ন:**

৪.৩.১ প্রতি অর্থবছরের জন্য লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার টাকা);

৪.৩.২ প্রতি অর্থবছর শেষ হওয়ার ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে এবং কোনো কারণে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে ৩,০০০/- (তিন হাজার টাকা) সারচার্জ পরিশোধ করে পরবর্তী অর্থবছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে লাইসেন্স নবায়ন করতে হবে। সরকার প্রয়োজনে এ সারচার্জ পুনঃনির্ধারণ করতে পারবে;

৪.৩.৩ সরকার উক্ত নবায়ন ফি ও সারচার্জ পুনঃনির্ধারণ করতে পারবে;

৪.৪ **নাম পরিবর্তন/লাইসেন্স হস্তান্তরের বিধি-নিষেধ:**

সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কমিউনিটি রেডিও’র নাম পরিবর্তন বা লাইসেন্স স্বত্ব হস্তান্তর করা যাবে না। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের কোনো সাংগঠনিক পরিবর্তনের প্রস্তাব করা হলে তা লিখিতভাবে সরকার-কে অবহিত করে অনুমোদন গ্রহণ করতে হবে।কোনো সংস্থা বা এলাকার নামে রেডিও স্টেশনের নামকরণ করা যাবে না।

৪.৫ **লাইসেন্স স্থগিত ও বাতিলকরণ:**

সরকার নিম্নোক্ত এক বা একাধিক কারণে লাইসেন্স স্থগিত বা বাতিল করতে পারবে-

৪.৫.১ লাইসেন্স/চুক্তি সংক্রান্ত সরকারের কোনো পাওনা নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হলে;

৪.৫.২ বিটিআরসি’র তরঙ্গ বরাদ্দপত্রের যে কোনো শর্ত ভঙ্গ করলে; এবং

৪.৫.৩ এ নীতিমালার কোনো শর্ত/শর্তাবলি ভঙ্গ করলে ।

৫.০ **কারিগরি কাঠামো:**

৫.১ প্রত্যেকটি কমিউনিটি রেডিও স্টেশনের ব্যাপ্তি হবে এর অবস্থানকে কেন্দ্র করে চতুর্দিকে ২৫ কিলোমিটার। এ জন্য সর্বোচ্চ ২৫০ ওয়াট সম্প্রচার শক্তির ট্রান্সমিটার ব্যবহার করা যাবে।

৫.২ এন্টিনা টাওয়ারের উচ্চতা হবে ভূমি থেকে সর্বোচ্চ ৩২ মিটার। তবে অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে ছড়িয়ে ছিটিয়ে থাকা জনবসতিপূর্ণ এলাকা যেমন- চরাঞ্চল, পাহাড়ি এলাকাতে কাঙ্ক্ষিত কাভারেজ পাওয়ার জন্য উল্লিখিত উচ্চতার তারতম্য হতে পারে। সকল ক্ষেত্রে এন্টিনাগেইন অবশ্যই ৬ ডিবি -এর মধ্যে সীমিত রাখতে হবে;

৫.৩ এফ. এম. ব্যান্ডে ন্যাশনাল ফ্রিকোয়েন্সি এলোকেশান প্ল্যান অনুযায়ী কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার জন্য স্থান নির্দিষ্ট করে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) প্রদান করা হবে।

৬.০ **প্রচার সংক্রান্ত শর্তাবলি:**

৬.১ অনুমোদপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে 'জাতীয় সম্প্রচার নীতিমালা ২০১৪' অনুসরণপূর্বক সম্প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে।

৭.০ **বিজ্ঞাপন সংক্রান্ত শর্তাবলি:**

৭.১ শুধুমাত্র প্রাতিষ্ঠানিক ব্যয় নির্বাহের জন্য দৈনিক মোট প্রচার সময়ের সর্বোচ্চ শতকরা ১০(দশ) ভাগ সময় বাণিজ্যিক বিজ্ঞাপন প্রচার করা যাবে।

৭.২ বিজ্ঞাপন উন্নয়ন ও জনসচেতনতামূলক হতে হবে এবং নির্দিষ্ট ক্ষেত্রে সীমাবদ্ধ থাকতে হবে;

৭.৩ বিভিন্ন ধর্ম বা ধর্মমতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি করতে পারে এমন অনুষ্ঠান বা বিজ্ঞাপন প্রচার করা যাবে না;

৭.৪ অর্থায়নকারীরা সংশ্লিষ্ট অনুষ্ঠান বা অনুষ্ঠানমালার বিষয়বস্তু কিংবা স্টাইল এবং স্টেশনের নীতিমালার ব্যাপারে কোনো প্রভাব বিস্তার করতে পারবে না; এবং

৭.৫ বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্দেশনাও সময়ে-সময়ে জারিতব্য আইন/বিধি/নির্দেশনা প্রযোজ্য হবে।

৮. ০ **অন্যান্য নির্দেশাবলি:**

৮.১ লাইসেন্সপ্রাপ্ত প্রতিটি স্টেশনের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে। স্টেশন পরিচালনা এবং ব্যবস্থাপনায় উদ্দিষ্ট জনগোষ্ঠী সদস্যদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৮.২ লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান/ সংস্থাকে স্টেশন ব্যবস্থাপনা ও অনুষ্ঠান পরিচালনার ক্ষেত্রে সমতা ও ন্যায়বিচার সমুন্নত রাখতে জাতি, বর্ণ, ধর্ম, শারীরিক প্রতিবন্ধিতা ও লিঙ্গ বিবেচনাক্রমে প্রান্তিক জনগোষ্ঠীকে বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে;

৮.৩ স্টেশন কর্তৃপক্ষকে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে কমিউনিটির লোকদের প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করবে;

৮.৪ বাংলাদেশ বেতারে স্থানীয় বিষয় সংশ্লিষ্ট কোনো অনুষ্ঠান সম্প্রচারিত হলে উক্তঅনুষ্ঠান বিভিন্ন কমিউনিটি রেডিও স্টেশনের মধ্যে অনুষ্ঠান বিনিময়ের অনুমতি দেয়া যেতে পারে। জাতীয় গুরুত্বপূর্ণ অথবা কোনো নির্দিষ্ট এলাকা সম্পর্কিত কোনো অনুষ্ঠান বাংলাদেশ বেতারে সম্প্রচারিত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকার কমিউনিটি রেডিও স্টেশনগুলোতে সে অনুষ্ঠান পুনঃপ্রচার করতে হবে। যেমন জাতির উদ্দেশ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ভাষণ, কোনো জাতীয় দিবস উদযাপনের ক্ষেত্রে বিশেষ অনুষ্ঠান ও আবহাওয়া সংবাদ, সরকার বা বাংলাদেশ বেতার কর্তৃক প্রেরিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচার বা পুনঃপ্রচার করতে হবে। এছাড়া এলাকা/কমিউনিটি ভিত্তিক অনুষ্ঠানমালা এবং জনস্বার্থে প্রদত্ত সরকারি নির্দেশ কমিউনিটি রেডিও স্টেশনের মাধ্যমে বিনামূল্যে সম্প্রচার করতে হবে;

৮.৫ কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানমালার বিষয়বস্তুর মধ্যে কৃষি, বয়স্ক ও শিশু শিক্ষা, জেন্ডার ইস্যু, প্রাথমিক স্বাস্থ্য, পরিবেশ ও আবহাওয়া, সমাজকল্যাণ, আইনগত সহায়তা, বাজার দর, কৃষিজাত পণ্যের চাহিদা, গ্রামীণ এবং এলাকা ভিত্তিক উন্নয়ন, শিশুর যত্ন, মাতৃ স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা, বাংলাদেশ বেতারের জাতীয় সংবাদ, স্থানীয় জনগোষ্ঠীর আয়বৃদ্ধির ও অন্যান্য উন্নয়ন বিষয়গুলোকে প্রাধান্য দিতে হবে। অর্থাৎ কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানমালায় সংশ্লিষ্ট জনগোষ্ঠীর স্বার্থ ও চাহিদা বিশেষভাবে প্রতিফলিত হতে হবে;

৮.৬ কমিউনিটি রেডিও'তে সম্প্রচারিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর সদস্যগণ অনুষ্ঠান পরিকল্পনা, বাস্তবায়ন, পরিচালনা ও মূল্যায়নে অংশগ্রহণ করবেন ;

৮.৭ লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা সম্প্রচারিত অনুষ্ঠানমালা মূল্যায়নের পাশাপাশি কমিউনিটির অংশগ্রহণ বৃদ্ধির জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা দেয়ার মাধ্যমে তাদের আগ্রহ বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করবেন;

৮.৮ উন্নয়ন ইস্যু ও নীতির বিষয়ে মাঠ পর্যায়ের সরকারি কর্মকর্তাগণের বক্তব্য কমিউনিটি রেডিওতে সম্প্রচার করা যাবে;

৮.৯ অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে একটি নির্দিষ্ট অনুষ্ঠানে স্থানীয় তথ্য, ঘটনা ও প্রজ্ঞাপন এবং স্থানীয় সংস্কৃতি, পরিচয় ও ভাষাকে তুলে ধরতে হবে;

৮.১০ অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে প্রমিত বাংলা ভাষা ব্যবহার করতে হবে, পাশাপাশি অনুষ্ঠান কাঠামো, বিষয়বস্তু, উপস্থাপনা ও ভাষা ব্যবহারের ক্ষেত্রে স্থানীয় ও আঞ্চলিক সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে;

৮.১১ কমিউনিটি রেডিও স্থানীয় মাধ্যম হিসেবে কাজ করে বিধায় তারা স্থানীয় উন্নয়ন সংবাদ সম্প্রচার করতে পারবে। তবে রাজনৈতিক এবং নির্বাচন সংশ্লিষ্ট বক্তব্য ও বিজ্ঞাপন প্রচার করা যাবেনা। কমিউনিটি রেডিও স্টেশন শুধু দেশি-বিদেশি রেকর্ডকৃত বিনোদনমূলক ও প্রামাণ্য অনুষ্ঠান বেতার সেন্সর নীতিমালা অনুসরণ সাপেক্ষে সীমিতভাবে প্রচার করতে পারবে। বিদেশি সম্প্রচার সংস্থা/চ্যানেলের সংবাদ ও চলতি ঘটনাভিত্তিক অনুষ্ঠান, আলোচনা ও টকশো যৌথ প্রযোজনার মাধ্যমে সরাসরি বা রেকর্ড করে সম্প্রচার করতে পারবে না;

৮.১২ জনস্বার্থে স্থানীয় প্রশাসন নিজ প্রশাসনিক এলাকার আওতাভুক্ত কোনো কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম তদারক করতে পারবে;

৮.১৩ লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা সংশ্লিষ্ট স্টেশনের কার্যক্রম সম্পর্কে দ্বিমাসিক রিপোর্ট তথ্য মন্ত্রণালয়কে অবহিত রেখে কেন্দ্রীয় মনিটরিং কমিটির নিকট প্রেরণ করবে। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থা প্রাথমিক পর্যায়ে অনুষ্ঠানমালার রেকর্ডপত্র সংরক্ষণ করবে। এ ক্ষেত্রে যে কোনো ধরনের ব্যর্থতার জন্য সরকার প্রয়োজন হলে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তকরণসহ লাইসেন্স বাতিল করতে পারবে;

৮.১৪ সরকার কিংবা সরকার অনুমোদিত প্রতিনিধি যেকোনো কমিউনিটি রেডিও স্টেশন ও এর স্থাপনা পরিদর্শন এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর স্বার্থ সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করতে পারবে;

৮.১৫ জাতীয় নিরাপত্তা বা জরুরি অবস্থা/যুদ্ধ, বিরোধমূলক পরিস্থিতি অথবা এ জাতীয় কোনো পরিস্থিতির কারণে সরকার যে কোনো সংখ্যক বা সকল কমিউনিটি রেডিও স্টেশন অধিগ্রহণ বা কার্যক্রম স্থগিত ও অনুমতি/লাইসেন্স বাতিল করতে পারবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তিকে প্রচলিত আইনের আওতায় আনার ক্ষমতা সংরক্ষণ করে;

৮.১৬ কোন্ এলাকা বা স্থানে সম্প্রচার কেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা হবে সেক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। কোনো বিশেষ বার্তা সম্প্রচারের জন্য বা প্রত্যাশিত ও জরুরি প্রয়োজনে বা জনস্বার্থে অথবা প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে সরকারি নির্দেশ সংশ্লিষ্ট কমিউনিটি রেডিওকে অবশ্যই মানতে হবে;

৮.১৭ লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থাকে নিরীক্ষিত বার্ষিক হিসাব ও আর্থিক প্রতিবেদন অর্থ বছর শেষ হওয়ার পরবর্তী তিন মাসের মধ্যে সরকারের নিকট দাখিল করতে হবে;

৮.১৮ কমিউনিটি রেডিও সম্প্রচার কর্তৃপক্ষের নিজস্ব উৎস, সামর্থ্য বাড়ানো, প্রযুক্তি গবেষণা ও মূল্যায়নের ক্ষেত্রে গুণগত মান বৃদ্ধির জন্য সরকার কমিউনিটি রেডিও উন্নয়ন তহবিল গড়ে তোলার ব্যাপারে পদক্ষেপ নিতে পারবে;

৮.১৯ লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থাকে তরঙ্গ ও বেতার যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক আরোপিত সকল শর্ত মেনে চলতে হবে;

৮.২০ কমিউনিটি রেডিও স্টেশনের জন্য স্থাপিত টাওয়ার বেসরকারি টেলিফোন অপারেটরদেরকে ব্যবহার করতে দেয়া যাবে না। এছাড়া অন্য কোনো বেসরকারি কাজেও এসব টাওয়ার ব্যবহার করা যাবে না;

৮.২১ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনকারী প্রতিষ্ঠান/সংস্থা নিজস্ব অর্থায়নে সশস্ত্র আনসার দ্বারা স্টেশনের সার্বিক নিরাপত্তা বিধান করবে; এবং

৮.২২ জনস্বার্থে সরকার এ নীতিমালা বা এর কিয়দংশ/পরিমার্জন/পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করে।

**৯.০ সম্প্রচার কার্যক্রম মনিটরিং :**

৯.১ সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা প্রতিনিধি বা সংস্থা কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম মনিটরিং ও নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করতে পারবে;

৯.২ উপযুক্ত কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী কমিউনিটি রেডিও স্টেশন সম্প্রচারকৃত কোনো অনুষ্ঠান কম্প্যাক্ট ডিস্ক (CD) বা অন্য কোনো মাধ্যমে রেকর্ডকৃত আকারে চাহিদা প্রদানকারী বা তার নির্দেশমতো অন্য কোনো কর্তৃপক্ষের নিকট জমা দিতে বাধ্য থাকবে।

**১০.০ জাতীয় রেগুলেটরি কমিটি:**

১০.১ কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তা ও বিশিষ্ট নাগরিক এর সমন্বয়ে ''জাতীয় রেগুলেটরি কমিটি'' গঠিত হবে :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মহাপরিচালক, বাংলাদেশ বেতার | সদস্য |
| (৪) | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ন্যূনতম যুগ্ম-সচিব) | সদস্য |
| (৫) | প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ন্যূনতম যুগ্ম-সচিব)। | সদস্য |
| (৬) | বিটিআরসি-এর একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের) | সদস্য |
| (৭) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি (অধ্যাপক পর্যায়ের) | সদস্য |
| (৮) | সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার | সদস্য |
| (৯) | বিশিষ্ট নাগরিক (সরকার কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১০) | যুগ্ম-সচিব (বেতার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১০.২ **জাতীয় রেগুলেটরি কমিটির কার্যপরিধি :**

(ক) কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা পরিবর্তন, সংশোধন করা এবং প্রযোজ্য যাবতীয় নীতিমালা যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(খ) কমিউনিটি রেডিও সম্প্রচার সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধান পর্যালোচনা করা এবং সময়োপযোগী সংশোধনী সম্পর্কে পরামর্শ প্রদান করা;

(গ) কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে "কারিগরি উপ-কমিটি" কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করে সরকারের অনুমোদনের জন্য পেশ করা; এবং

(ঘ) "কারিগরি উপকমিটি" এবং"কেন্দ্রীয় মনিটরিং কমিটি"-এর প্রতিবেদন পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(ঙ) কমিটি প্রয়োজনবোধে যে কোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

১১.০ **জাতীয় রেগুলেটরি কমিটির 'কারিগরি উপ-কমিটি':**

১১.১ কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে 'জাতীয় রেগুলেটরি কমিটি'র নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি 'কারিগরি উপ-কমিটি' থাকবে :

| | | |
|---|---|---|
| (১) | প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা | সভাপতি |
| (২) | বাংলাদেশ টেলিভিশনের সিনিয়র প্রকৌশলী বা তদূর্ধ্ব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) | বুয়েট-এর একজন উপযুক্ত প্রতিনিধি (ন্যুনতম সহকারী অধ্যাপক পর্যায়ের) | সদস্য |
| (৪) | বিটিআরসি' র একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (৫) | সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণকেন্দ্র,বাংলাদেশ বেতার, ঢাকা। | সদস্য-সচিব |

১১.২ **কমিটির কার্যপরিধি** :

(ক) কমিউনিটি রেডিও স্থাপনের জন্য ন্যূনতম পেশাগত ও কারিগরিমান নিরূপণ করা;

(খ) প্রাপ্ত আবেদন বা প্রস্তাবসমূহের সামগ্রিক পেশাগত ও কারিগরি বিষয়গুলো পরীক্ষা করে মেধাক্রমানুসারে বিন্যাস করে তালিকা প্রণয়ন এবং ''জাতীয় রেগুলেটরি কমিটি'' র বিবেচনার জন্য উপস্থাপন করা;

(গ) নতুন রেডিও স্টেশন স্থাপনের পর কারিগরি বিষয় সমূহ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি না তা সরেজমিনে পরিদর্শন পূর্বক উহার পরীক্ষামূলক সম্প্রচার শুরুর বিষয়ে মতামত প্রদান;

(ঘ) প্রয়োজনমাফিক ''কেন্দ্রীয় মনিটরিং কমিটি''-কে বিভিন্নভাবে সহায়তা করা।

(ঙ) কমিটি প্রয়োজনবোধে যেকোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

১২.০ **কেন্দ্রীয় মনিটরিং কমিটি:**

১২.১ কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা ও বিশেষজ্ঞ প্রতিনিধির সমন্বয়ে একটি 'কেন্দ্রীয় মনিটরিং কমিটি' গঠিত হবে :

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | সভাপতি |
| (২) | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৩) | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| (৪) | উপ-মহাপরিচালক (বার্তা), বাংলদেশ বেতার, ঢাকা | সদস্য |
| (৫) | প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| (৬) | উপ-সচিব (বেতার-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| (৭) | বিটিআরসি'র উপযুক্ত পর্যায়ের প্রতিনিধি | সদস্য |
| (৮) | কমিউনিটি রেডিও বিষয়ক একজন বিশেষজ্ঞ (সরকার কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৯) | পরিচালক (মনিটরিং), বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য-সচিব |

১২.২ **কমিটির কার্যপরিধি:**

(ক) এই নীতিমালার অনুচ্ছেদ নং-৬, ৭ ও ৮ এর শর্তাবলি যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(খ) এই নীতিমালার অনুচ্ছেদ নং- ৫ অনুযায়ী কারিগরি কাঠামোর শর্তাবলী লঙ্ঘিত হচ্ছেকিনা তা পর্যবেক্ষণ করা। এ ব্যাপারে কমিটি প্রয়োজনবোধে কারিগরি উপ-কমিটির সহায়তা গ্রহণ করতে পারবে;

(গ) কোনো কমিউনিটি রেডিও এর অনুকূলে চূড়ান্ত সম্প্রচারের অনুমতির বিষয়ে মতামত প্রদান;

(ঘ) কমিউনিটি রেডিও পরিচালনা সংক্রান্ত সার্বিক বিষয় তদারক করা;

(ঙ) ত্রৈমাসিক ভিত্তিতে একটি সামগ্রিক পর্যবেক্ষণ প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা; এবং

(চ) কমিটি প্রয়োজনবোধে যেকোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**১৩.০ স্থানীয় উপদেষ্টা কমিটি:**

১৩.১ কমিউনিটি রেডিও'র কার্যক্রম স্থানীয় পর্যায়ে পর্যবেক্ষণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে 'স্থানীয় উপদেষ্টাকমিটি' গঠিত হবে:

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | স্থানীয় পৌরসভা/উপজেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধি | সদস্য |
| (৩) | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| (৪) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| (৫) | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| (৬) | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| (৭) | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| (৮) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (৯) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (১০) | জেলা তথ্য অফিসারের প্রতিনিধি | সদস্য |
| (১১) | বাংলাদেশ বেতারের নিকটস্থ কেন্দ্র/ইউনিটের প্রতিনিধি | সদস্য |
| (১২) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (১৩) | এলাকার একজন বিশিষ্ট নাগরিক (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৪) | স্থানীয় বিদ্যুত কর্তৃপক্ষের প্রতিনিধি | সদস্য |
| (১৫) | সংশ্লিষ্ট কমিউনিটি রেডিওর প্রতিনিধি | সদস্য-সচিব |

ক) উপদেষ্টা কমিটিকে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) রেডিও স্টেশনটি জেলা শহরে অবস্থিত হলে সেক্ষেত্রে জেলা পরিষদের চেয়ারম্যান উপদেষ্টা এবং একজন অতিরিক্ত জেলা প্রশাসক এর সভাপতিত্বে উপরিউক্ত প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠিত হবে। সেক্ষেত্রে সদর উপজেলা নির্বাহী অফিসার সদস্য হিসেবে থাকবেন।

(গ) কমিটি এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

১৩.২ **কমিটির কার্যপরিধি :**

(ক) কমিউনিটি রেডিও'র কার্যক্রম তদারক করা এবং নির্ধারিত ছকে দ্বিমাসিক প্রতিবেদন মনিটরিং কমিটি ও তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা;

(খ) কমিউনিটি রেডিও স্টেশনের শক্তি ও দুর্বলতার নিরিখে সংশ্লিষ্ট স্টেশনকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা;

(গ) কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানে জেলা/উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণকে উৎসাহিত করা;

(ঘ) কমিউনিটি রেডিও'র মাধ্যমে উন্নয়ন বিষয়ক বিজ্ঞাপন/সরকারি বিজ্ঞাপন প্রচারের জন্য উৎসাহিত করা; এবং

(ঙ) কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানের মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

১৪.০ **আত্মপক্ষ সমর্থনের সুযোগ:**

১৪.১ কমিউনিটি রেডিও'র লাইসেন্স বাতিল করার পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হবে;

১৪.২ আত্মপক্ষ সমর্থন করে নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সধারী, কোনো বক্তব্য প্রদান করে থাকলে তা বিবেচনা করে সরকার জরিমানা/জামানত বাজেয়াপ্তকরণসহ লাইসেন্স বাতিল অথবা যথাযথ ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত লাইসেন্স স্থগিত রাখার নির্দেশ দিতে পারবে; এবং

১৪.৩ কোনো লাইসেন্স স্থগিত বা বাতিল করার পর্যায়ে সরকার আশু ব্যবস্থা গ্রহণ সমীচীন বিবেচনা করলে সংশ্লিষ্ট সম্প্রচার কেন্দ্রের প্রচার বন্ধ বা স্থগিত করার উদ্দেশ্যে উক্ত কেন্দ্রের যেকোনো বা সকল যন্ত্রপাতি জব্দ করার আদেশ দিতে পারবে।

১৫.০ **রহিতকরণ ও হেফাজত:**

এ নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে পূর্বে জারিকৃত 'কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০১৭' বাতিল বলে গণ্য হবে। এরূপ বাতিল সত্ত্বেও এর অধীনে কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকলে উক্ত অনিষ্পন্ন অংশ, যতদূর সম্ভব, এ নীতিমালার সংশ্লিষ্ট বিধান অনুসারে এরূপে নিষ্পন্ন করা হবে, যেন উক্ত কার্যধারা এ নীতিমালার অধীনে দায়ের করা হয়েছে।

******

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd